# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 01-03-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) এস আই আর পরবর্তী পরিস্থিতি এবং আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা বজায় রাখতে রাজ্যের বিভিন্ন জেলায় কেন্দ্রীয় বাহিনী আসতে শুরু করেছে। কয়েক জায়গায় চলেছে টহলদারি।

২) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধিরা ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বিভিন্ন জেলার আধিকারিকদের এবং পুলিশ প্রশাসনের কর্তাব্যক্তিদের সঙ্গে আগামীকাল ও মঙ্গলবার বৈঠক করবেন।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আজ থেকে রাজ্যে শুরু হয়েছে বিজেপি-র পরিবর্তন যাত্রা।

এই যাত্রায় অংশ নিতে বর্ষীয়ান বিজেপি নেতা, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ্ আজ রাজ্যে আসছেন।

৪) কোচবিহারের দিনহাটায় বিদ্যুৎপৃষ্ট হয়ে পাঁচ শ্রমিকের মৃত্যু।

৫) স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি শিক্ষাকর্মী নিয়োগের লিখিত পরীক্ষা আজ নির্বিঘ্নেই শেষ হয়েছে ।

৬) টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপের সুপার এইট পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে আজ কলকাতার ইডেন গার্ডেন্সে ভারত টসে জিতে ওয়েস্ট ইন্ডিজকে ব্যাট করতে পাঠিয়েছে।

oooooooooooooooooooooooooo

এস আই আর পরবর্তী পরিস্থিতি এবং আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা বজায় রাখতে রাজ্যের বিভিন্ন জেলায় ইতিমধ্যে কেন্দ্রীয় বাহিনী আসতে শুরু করেছে। কয়েক জায়গায় চলেছে টহলদারি।

জলপাইগুড়িতে গতকালই পৌঁছেছে সাত কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। শিলিগুড়িতে বিহার থেকে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। এই কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের শহরের মহিলা কলেজে রাখা হয়েছে। আরো দু কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ঝাড়খন্ড থেকে আজ শিলিগুড়িতে এসে পৌঁছেছে।

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে ভোট প্রক্রিয়া যাতে শান্তিপূর্ণ ও অবাধভাবে সম্পন্ন হয়,তা নিশ্চিত করতেই আগাম এই পদক্ষেপ বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে। মুর্শিদাবাদ জেলায় আগেই ১৬ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে, আরো ১১ কোম্পানী সংরক্ষিত রাখা হয়েছে জেলার সামশেরগঞ্জ, সুতি জঙ্গীপুর এলাকার জন্য ।

এদিকে, উত্তর ২৪ পরগনার ভাটপাড়া এবং জগদ্দল বিধানসভা এলাকায় এসেছে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। আপাতত কেন্দ্রীয় বাহিনী রাখা হয়েছে ভাটপাড়া উচ্চ বিদ্যালয়ে।

বিহারের জামুই থেকে এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আজ দুপুরে বর্ধমান শহরের গোদা এলাকায় এসে পৌঁছায়। ফুলের স্তবক দিয়ে বাহিনীকে জেলা পুলিশের পক্ষ থেকে স্বাগত জানানো হয়। সি আর পি এফের ২১৫ নম্বর ব্যাটেলিয়নের এই বাহিনীর জওয়ানরা আগামীকাল থেকে এলাকায় রুট মার্চ করবে বলে জানা গেছে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল আগামীকাল ও মঙ্গলবার বৈঠকে বসছেন। ভোটের প্রস্তুতি খতিয়ে

দেখতে কমিশনের কর্তারা ভিডিও কনফারেন্সের মাধ্যমে একাধিক পর্যালোচনা বৈঠক করবেন।

প্রথমদিন জেলা নির্বাচন আধিকারিক ও পুলিশ সুপার, বিভিন্ন কমিশনারেটের কমিশনার, আই জি, ডিআইজি পদমর্যাদার আধিকারিকদের বৈঠক ডাকা হয়েছে।

দ্বিতীয় দিন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও আধা সামারিক বাহিনীর কর্তা, নোডাল অফিসার এবং বিভিন্ন আইন বলবৎকারী সংস্থার শীর্ষ কর্তাদের নিয়ে বৈঠক হওয়ার কথা।

এদিকে, নিরাপত্তা বাহিনীর মোতায়েন সহ অভ্যন্তরীণ প্রস্তুতি খতিয়ে দেখতে আজ বিকেলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আর এক দফা বৈঠক করেছেন। চলতি সপ্তাহে রাজ্যে আসতে পারে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ। চলতি মাসের দ্বিতীয় সপ্তাহেই বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট প্রকাশ হতে পারে বলে কমিশন সূত্রে ইঙ্গিত মিলেছে।

<u>oooooooooooooooooooooooooooooo</u>

শীর্ষ আদালতের নির্দেশ মেনে গতকাল অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর জেলায় জেলা তা নিয়ে চলছে ক্ষোভ-বিক্ষোভ। মতুয়া জনগোষ্ঠী অধ্যুষিত উত্তর ২৪ পরগনার বনগাঁয় SIR এর চূড়ান্ত তালিকা প্রকাশের পর একাধিক নাম বাদ গেছে বলে অভিযোগ। তালিকা প্রকাশের পর আজ গাইঘাটা থানার চাঁদপাড়ায় যশোর রোড অবরোধ করে বিক্ষোভ দেখায় মতুয়াদের একাংশ। তাদের দাবি এসআইরের শুনানিতে জন্ম সার্টিফিকেট পাসপোর্ট এমনকি পুরনো দলিল দেখানো সত্ত্বেও চূড়ান্ত তালিকায় তাদের নাম বাদ গেছে।

চূড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ গেছে ময়নাগুড়ির বিডিও প্রসেনজিৎ কুণ্ডুর নাম। আলিপুরদুয়ার বিধানসভা কেন্দ্রের ভোটার তিনি। তাঁর নামের পাশে ডিলিট দেখাচ্ছে বলে খবর। উত্তর দিনাজপুরের গোয়ালপোখরের বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী

গোলাম রাব্বানীর নাম বিচারাধীন তালিকায় থাকায় তা নিয়ে রাজনৈতিক মহলে চাঞ্চল্য ছড়িয়েছে।

শিলিগুড়িতে SIR তালিকায়  ভারতীয় মহিলা ক্রিকেটার রিচা ঘোষের নামও বিচারাধীন রয়েছে। আগামীকাল তাঁর পরিবার, নির্বাচন কমিশনের দ্বারস্থ হবেন জানা গেছে।

oooooooooooooooooooooooooo

নির্দিষ্ট লক্ষ্যকে সামনে রেখেই রাজ্যে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার পরিকল্পনা করা হয়েছে বলে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর অভিযোগ। আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ বিজেপি নেতাদের বক্তব্যের ভিডিও দেখিয়ে দাবি করেন, এক কোটি ২৫ লক্ষ নাম বাদ যাওয়ার দাবি তারা আগেই করেছিলেন। সেই লক্ষ্য পূরণে নির্বাচন কমিশন কাজ করছে।

অভিষেক আরও বলেন, অ্যাডজুডিকেশন তালিকায় বৈধ ভোটারের নাম রেখে ভোট হলে সেই আসনের ফলাফলও অমীমাংসিত থাকা উচিত। আগামী ৬ তারিখ মেট্রো চ্যানেলে অবস্থান কর্মসূচি করবেন দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তারপর তিনিই পরবর্তী কর্মসূচী ঘোষণা করবেন।

ooooooooooooooooooooooooooo

বৈধ ভোটারের নাম বাদ পড়ার অভিযোগে প্রদেশ কংগ্রেস আগামীকাল কলকাতায় পথে নেমে বিক্ষোভ দেখাবে। দলের সভাপতি শুভঙ্কর সরকার বলেন, মৃত অবাঞ্ছিত ভোটারের নাম বাদ গেছে। তবে  অনেক বৈধ ভোটারের নামও তালিকায় নেই বলে তাঁর অভিযোগ। কমিশনের ব্যর্থতার জন্যই এই পরিস্থিতি তৈরি হয়েছে। বৈধ ভোটারের নাম  তালিকায় কেন থাকবে না এর কৈফিয়ৎ নির্বাচন কমিশনকে দিতে হবে বলে শুভঙ্করবার জানিয়েছেন।

ooooooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আজ থেকে রাজ্যে শুরু হয়েছে বিজেপি-র পরিবর্তন যাত্রা। এই উপলক্ষে কোচবিহারে রাসমেলা ময়দানে পরিবর্তন যাত্রার সূচনা অনুষ্ঠানে বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন রাজ্যে তৃণমূল কংগ্রেসের দুর্নীতির তীব্র সমালোচনা করেন।

তিনি বলেন, রাজ্যে মহিলাদের সুরক্ষা দেওয়ার পরিবর্তে সরকার তাদের ঘরে থাকার পরামর্শ দিচ্ছে । মুখ্যমন্ত্রী রাজ্যের মানুষকে গুরুত্ব দেওয়ার পরিবর্তে অনুপ্রবেশকারীদের জন্য বেশি চিন্তিত বলে তিনি মন্তব্য করেন। তাই তাদের সুরক্ষা দেওয়ার জন্য লড়াই করছেন। এই পরিবর্তন রাজ্যকে ন্যায়ের পথে এগিয়ে নিয়ে যাবে। ইতিবাচক ভাবনা নিয়ে নতুন বাংলা গড়ার বীজ বপন করবে।

(বাইট – নীতিন নবীন)

তিনি জানান,এরাজ্যে বামফ্রন্ট অথবা তৃণমূল কংগ্রেস কেউই অনুপ্রবেশকারীদের বিতাড়িত করতে পারবেনা। একমাত্র বিজেপি সরকার এলেই তা সম্ভব। আর জি করের ঘটনা,চাকরি দুর্নীতি,তোষণের রাজনীতি সহ একাধিক বিষয়ের উল্লেখ করে শ্রী নবীন বলেন, এই দুর্নীতিগ্রস্ত সরকারকে অবিলম্বে অপসারিত করে বাংলায় পরিবর্তন প্রয়োজন।

রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক সেখানে উপস্থিত ছিলেন।

অন্যদিকে কৃষ্ণনগর দক্ষিণ বিধানসভা কেন্দ্র থেকে যাত্রার সূচনা করেন কেন্দ্রীয় মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ও বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা সেখানে উপস্থিত ছিলেন।

মেদিনীপুরের গরবেতায় পরিবর্তন যাত্রার উদ্বোধন করেন কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ধর্মেন্দ্র প্রধান বলেন, রাজ্যের

সর্বস্তরের মানুষ পরিবর্তন চাইছেন। রাজ্যে চলেছে ভ্রস্টাচারী, পরিবারবাদী সরকার। বিজেপি এই পরিবর্তনকে সঠিক পথে নিয়ে যাবে।

(বাইট – ধর্মেন্দ্র প্রধান)

এদিকে, কুর্মি সমাজ, পশ্চিমবঙ্গের রাজ্য সভাপতি রাজেশ মাহাতো আজ গড়বেতার পরিবর্তন সংকল্প সভাতে বিজেপি-তে যোগদান করেন। পাশাপাশি আসানসোলের কুলটি থেকে কেন্দ্রীয় মন্ত্রী অন্নপূর্ণা দেবী, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি এবং প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ পরিবর্তন যাত্রার সূচনা করেন।

ooooooooooooooooooooooooo

পরিবর্তন যাত্রা উপলক্ষে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ আজ রাতেই রাজ্যে আসছেন। আগামীকাল তিনি দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তনযাত্রার সভায় বক্তব্য রাখবেন।

উল্লেখ্য, আগামীকাল পাঁচটি জনসভা হবে। তিন ও চার তারিখ দোল ও হোলি উৎসবের জন্য কর্মসূচী বন্ধ রাখা হচ্ছে। এরপর পাঁচ তারিখ হবে ৯-টি যাত্রা। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্য দিয়ে এই পরিবর্তন যাত্রার সমাপ্তি ঘটবে। মোট আড়াইশোটি বিধানসভা এলাকা দিয়ে এই যাত্রার আয়োজন করা হচ্ছে।

ooooooooooooooooooooooooo

কোচবিহারের দিনহাটায় বিদ্যুৎপৃষ্ট হয়ে পাঁচ শ্রমিকের মৃত্যু হয়েছে। দিনহাটার বলরামপুর রোড এলাকায় একটি বেসরকারি কারখানা নির্মাণের কাজ চলার সয়ম এই দুর্ঘটনা ঘটে। ১০-১২ জন শ্রমিক ঢালাই মেশিন, কারখানার দিকে ঠেলে নিয়ে য়াওয়ার সময় হাই টেনশন বিদ্যুৎ লাইনের সংযোগ ঘটলে, ঘটনাস্থলেই মৃত্যু হয় চার শ্রমিকের। পরে হাসপাতালে একজনের মৃত্যু হয়। আশঙ্কাজনক অবস্থায় আরো কয়েকজন চিকিৎসাধীন।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

নির্বিঘ্নেই শেষ হল স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি শিক্ষাকর্মী নিয়োগের লিখিত পরীক্ষা। ২৯৮৯ টি শূন্যপদের জন্য পরীক্ষায় বসার আবেদনকারীর সংখ্যা ছিল ৮ লক্ষ ৯ হাজার ৬১৯ জন। তার মধ্যে ৮৪ শতাংশ পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছেন। অন্যান্য রাজ্য থেকে ৪৮৯৩ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে এসেছিলেন বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। আগামী রবিবার গ্রুপ ডি পদে নিয়োগের পরীক্ষা নেওয়া হবে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – সুমন মুখোপাধ্যায়)

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

ইডেনে আজ সন্ধ্যায় টি -২০ ক্রিকেট বিশ্বকাপের সুপার এইট পর্বের গুরুত্বপুর্ণ ম্যাচে ভারত, ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হয়েছে। অস্ট্রেলিয়ার প্রাক্তন ক্রিকেটার ম্যাথু হেডেন ইডেনের ঐতিহ্যবাহী ঘণ্টা বাজিয়ে খেলার সূচনা করেন।

ভারত টসে জিতে ওয়েস্ট ইন্ডিজকে ব্যাট করতে পাঠিয়েছে। ওয়েস্ট ইন্ডিজ প্রথমে ব্যাট করতে নেমে শেষ পাওয়া খবরে, ১১ ওভারে এক উইকেটে ৯৯ রান করেছে।

এই ম্যাচ যে দল জিতবে সেই দল সেমিফাইনালে পৌঁছবে, পরাজিত দল বিশ্বকাপ থেকে বিদায় নেবে। আজকের ম্যাচে জয়ী দল বৃহস্পতিবার মুম্বইতে দ্বিতীয় সেমিফাইনালে ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>